



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.০০৬.২০-১৪

তারিখ: ২৬ পৌষ ১৪২৭  
১০ জানুয়ারি ২০২১

অফিস আদেশ


ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (পরিকল্পনা) পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতন স্কেলে নিম্নবর্ণিত ব্যক্তিকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তাধীনে নিয়োগ করা হলোঃ

ক্রম	নাম, পিতার নাম ও মাতার নাম	ঠিকানা	পরীক্ষার রোল নম্বর
১	জনাব হাসিনা তাসমিন মৌটুসী পিতা- মৃত- মোঃ হাসানুর রহমান মাতা-আফরোজা বেগম	বর্তমান ঠিকানাঃ প্রযত্নে- ডাঃ আফরোজা বেগম ফ্ল্যাট নং: ১০-সি, আটলান্টিক ওয়াজ উদ্দিন টাওয়ার, রোড নং-১৬৮, এ্যালিফ্যান্ট রোড, পোস্ট অফিস-নিউমার্কেট (১২০৫) থানা-নিউমার্কেট, জেলা-ঢাকা।  স্থায়ী ঠিকানা- ঐ	1200063

শর্তসমূহঃ

- ১। ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারি চাকরি বিধিমালা ২০১৯ এর ৬ (১) (ক) উপবিধি মোতাবেক তাঁর চাকরির ২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে।
- খ) চাকরি স্থায়ীকরণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারি চাকরি বিধিমালা ২০১৯ এর ৬ (৩) (ক) এবং ৬ (৪) উপবিধি মোতাবেক তাঁর চাকরির ২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে সন্তোষজনকভাবে সমাপ্ত করতে হবে এবং কর্পোরেশন কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করতে হবে ও নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- গ) উক্ত বিধিমালার ৪ (২) (ক) উপবিধি অনুসারে নিয়োগকৃত ব্যক্তিকে কর্পোরেশন কর্তৃক এ উদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্যদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নে স্বাস্থ্যগতভাবে নিয়োগকৃত পদের দায়িত্ব পালনের উপযুক্ত হতে হবে।
- ঘ) উক্ত বিধিমালার ৪ (২) (খ) উপবিধি অনুসারে নিয়োগকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হবে এবং এতে কর্পোরেশনের চাকরিতে স্থায়ীকরণের জন্য উপযুক্ত হতে হবে।
- ঙ) প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন, সনদ যাচাই ও স্বাস্থ্যগত বিষয়ে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে এবং চাকরির আবেদনে বর্ণিত কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- চ) যোগদানের সময় নিয়োগপত্র ও শিক্ষাগত যোগ্যতা, মুক্তিযোদ্ধা সনদ ও অন্যান্য যাবতীয় সনদ এর মূলকপি সঙ্গে আনতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সনদসমূহের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত রঙিন ছবি যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।

- ২। উপর্যুক্ত শর্তাধীনে নিয়োগকৃত পদে চাকরি করতে ইচ্ছা পোষণ করলে নির্বাচিত ব্যক্তিতে আগামী ২০/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। অন্যথায় এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(রবীন্দ্রশ্রী বড়ুয়া)

সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। জনাব.....।